27

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 03 APR 1996 ... ...
পৃষ্ঠা ১০ কলাম ৫ ...

## বাউবি ॥ বিএড ও সেল্‌প কোর্সের পরীক্ষার্থীদের জ্ঞাতব্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) বিএড প্রোগ্রামের ২য়, ৩য় ও ৪র্থ, সিমেষ্টারের কোর্স ফি জমা দানের সময়সীমা ২০শে এপ্রিল পর্যন্ত বর্ধিত করা হইয়াছে। সংশ্লিষ্ট ব্যাংকসমূহকে এপ্রিলের ২০ তারিখ পর্যন্ত কোর্স ফি জমা নেওয়ার অনুরোধ জানানো হইয়াছে।

বাউবি-র সেলপ কোর্সে পরীক্ষার সময়সূচী পুন:নির্ধারণ করা হইয়াছে। কোর্স-১ এর লিখিত পরীক্ষা (নৈর্ব্যক্তিক ও সংক্ষিপ্ত রচনামূলক) ১২ই এপ্রিল সকাল ৯টা হইতে দুপুর ১২টা পর্যন্ত এবং মৌখিক পরীক্ষা একই তারিখে বিকাল ২টা হইতে ৫টা পর্যন্ত। কোর্স-২ এর লিখিত পরীক্ষা (নৈর্ব্যক্তিক ও সংক্ষিপ্ত রচনামূলক) ১৯শে এপ্রিল সকাল ৯টা হইতে দুপুর ১২টা পর্যন্ত এবং মৌখিক পরীক্ষা একই তারিখে বিকাল ২টা হইতে ৫টা পর্যন্ত। —প্রেস বিজ্ঞপ্তি